আলমডাঙ্গা সমাজ সেবা কর্মকর্তাকে মারপিটের ঘটনায় হিসাব রক্ষক মনিরুজ্জামান বদলি

আলমডাঙ্গা সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইনকে মারপিটের ঘটনায় উচ্চমান সহকারী হিসাব রক্ষক মনিরুজ্জামানকে চট্টগ্রামের পটিয়া উপজেলা সমাজসেবা অধিদফতরে বদলি করা হয়েছে। আগামীকাল বৃহস্পতিবার তিনি আলমডাঙ্গা অফিসের দায়িত্বভার বুঝিয়ে দিবেন তিনি।

উল্লেখ্য, গত রবিবার দুপুর সাড়ে ৩ টার দিকে উচ্চমান সহকারী (হিসাব রক্ষক) মনিরুজ্জামানকে জেলা সমাজ সেবা অধিদফতর (ডিজি) বরাবর চিঠি তৈরি করতে নির্দেশ দেন উপজেলা সমাজ সেবা অফিসার নাজমুল হুসাইন। চিঠিতে একাধিক ভুল থাকায় তাকে পূণরায় সংশোধন করতে বললে মনিরুজ্জামান ক্ষিপ্ত হয়ে ওঠে। শুরু হয় তর্কাতর্কি। এক পর্যায়ে তার উপর আক্রমণ করেন মনিরুজ্জামান। এরপর আহত নাজমুল হুসাইনকে হারদি হাসপাতালে ভর্তি করা হয়।

উদ্ভুত ঘটনায় আলমডাঙ্গার অফিস পাড়ায় তীব্র ক্ষোভের সৃষ্টি হয়। উপজেলা প্রশাসন জরুরি মিটিংয়ে বসেন। মিটিংয়ে অভিযুক্ত উচ্চমান সহকারীকে আসামী করে থানায় মামলা দায়েরের সিদ্ধান্ত হয়। ওইদিন দুপুরেই উপজেলা সমাজসেবা অফিসার নাজমুল হুসাইন থানায় মামলা দায়ের করেন।

এরইমধ্যে অভিযুক্ত উচ্চমান সহকারী মনিরুজ্জামানকে চট্টগ্রামের পটিয়া অফিসে বদলীর আদেশ আসে।